গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ১৪

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

টেলিটক বিগত তিন বছরে দেশব্যাপী ৩৪০৫টি 4G নেটওয়ার্ক চালু এবং নেটওয়ার্ক কভারেজ ও ক্যাপাসিটি বৃদ্ধিকরণ কার্যক্রমের আওতায় টেলিটক বিগত তিন বছরে দেশব্যাপী ৩৪০৫টি 4G ই-নোড-বি, ২৯৩৩টি 3G নোড-বি ও ৩১৮৩টি 2G বিটিএস স্থাপনের কাজ সম্পন্ন করেছে। টেলিটকের নিজস্ব অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি সেবা প্রক্রিয়ায় আধুনিকায়ন ও উন্নয়ন সাধিত হয়েছে। সাম্প্রতিক বছরসমূহে টেলিটক সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট সেবা প্রদান, ৩ কোটি ৬৩ লক্ষ বিভিন্ন চাকুরি প্রার্থীর রেজিস্ট্রেশান, ৮ কোটি ৭৮ লক্ষ বিভিন্ন ইউটিলিটি সেবার বিল গ্রহণ এবং ১২৫ কোটি ১০ লক্ষ Bulk SMS সেবা প্রদান ইত্যাদি ভ্যালু অ্যাডেড সার্ভিসের মাধ্যমে গুরুত্বপূর্ণ জন-সেবাসমূহ ডিজিটালকরণ করতে ভূমিকা রেখে চলেছে। টেলিটক বাজারের সর্বনিম্ন মূল্যে জনগণকে মোবাইল ইন্টারনেট সেবা দিচ্ছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

নেটওয়ার্ক সম্প্রসারনে বিনিয়োগের ঘাটতির কারনে টেলিটক এখনও সারা দেশে নিরবচ্ছিন্ন নেটওয়ার্ক গড়ে তুলতে পারে নাই। আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন মোবাইল নেটওয়ার্ক অপারেটদের সাথে অত্যন্ত প্রতিযোগিতামূলক বাজারে টেলিটক অপারেট করছে। একমাত্র রাস্ট্রীয় মালিকানাধীন ও ছোট অপারেটর হিসেবে সফলভাবে কাজ করতে এবং মার্কেট শেয়ার বাড়াতে টেলিটকের পলিসি সাপোর্ট প্রয়োজন।

ভবিষ্যৎ পরিকল্পনা:

বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি অনুসারে ২০২৩ সালের মধ্যে বাংলাদেশে 5G নেটওয়ার্ক চালু করা। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে উচ্চগতির মোবাইল ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিসের মাধ্যমে বাংলাদেশকে সত্যিকার অর্থে 'ডিজিটাল বাংলাদেশ'—এ রূপান্তর করা। বাংলাদেশের যে সকল দূর্গম এলাকায় (যেমন হাওর-বাওড় ও উপকূলীয় অঞ্চল) এখনও মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক নাই, সে সকল জায়গায় মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন করা। বিভাগীয় শহরগুলোকে স্মার্ট সিটিতে রূপান্তরের জন্য ২০২৩ সাল হতে পর্যায়ক্রমে প্রয়োজনীয় টেলিযোগাযোগ ও আইটি অবকাঠামো নির্মাণ করা। সরকারি, উন্নয়ন সহযোগী ও বিদেশী বিনিয়োগে (চীন, দক্ষিন কোরিয়া, সৌদি আরব) প্রকল্প গ্রহণের মাধ্যমে এ সকল কার্যক্রম সম্পন্ন করা হবে। এছাড়া ইনোভেটিভ ভ্যালু অ্যাডেড সার্ভিসের মাধ্যমে সকল জন-সেবাসমূহকে ডিজিটাল সেবায় রূপান্তর অব্যাহত রাখা।

২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- দেশব্যাপি টেলিটকের 4G নেটওয়ার্ক সম্প্রসারণ
- দেশের দূর্গম অঞ্চলে (যেমনহাওর-বাওড়, উপকূলীয় ও দ্বীপাঞ্চল) 4G নেটওয়ার্ক স্থাপন
- বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি পূরণে সকল মোবাইল অপারেটরদের মধ্যে সবচাইতে সাশ্রয়ী মূল্যে মোবাইল ইন্টারনেট সেবা প্রদান করা;
- ইনোভেটিভ ডিজিটাল সেবার মাধ্যমে গুরুত্বপূর্ণ জন-সেবাসমূহ ডিজিটালকরণ অব্যাহত রাখা।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড

এবং

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

বাংলাদেশের সকল প্রান্তে বসবাসরত প্রত্যেক নাগরিকের জন্য মোবাইল ভয়েস, ব্রডব্যান্ড ইন্টারনেট এবং ডিজিটাল সেবা সাশ্রয়ীমূল্যে প্রদান করা।

১.২ অভিলক্ষ্য (Mission)

দেশের সর্বত্র নেটওয়ার্ক কভারেজ প্রদান ও উল্লেখযোগ্য মার্কেট শেয়ার অর্জনের মাধ্যমে টেলিটক বাংলাদেশের শীর্ষ স্থানীয় মোবাইল নেটওয়ার্ক অপারেটরদের মধ্যে অন্যতম হবে।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে বাংলাদেশের জনগণকে সুলভ মুল্যে মোবাইল ইন্টারনেট সেবা প্রদান।

২. প্রোডাক্ট ইনোভেশনের মাধ্যমে ডিজিটাল সেবায় টেলিটকের মার্কেট লিডার হওয়া।

৩. সারা দেশব্যাপী বিস্তৃত রাষ্ট্রীয় মালিকানাধীন একটি শক্তিশালী ও নির্ভরযোগ্য মোবাইল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. দেশব্যাপী অত্যাধুনিক প্রযুক্তির ও সাশ্রয়ী মুল্যের মোবাইল ভয়েস ও ইন্টারনেট (ডাটা) সার্ভিস প্রদান

২. ক্রমাগত ইনভেশনের মাধ্যমে সারা দেশে ডিজিটাল সেবা সম্প্রসারন

৩. সমসাময়িক বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।

৪. সারা দেশে মোবাইল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা

সেকশন ২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্হাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক সম্প্রসারণের মাধ্যমে টেলিডেনসিটি, ইন্টারনেট পেনেট্রেশন ও ডিজিটাল সেবার পরিধি বিস্তৃতকরণ	নেটওয়ার্ক যন্ত্রপাতি স্থাপনের মোট সংখ্যা (4G e-Node-B)	সংখ্যা (ক্রম পুঞ্জিভূত)	২৩৯৫	৩৪০৫	৩৮৩৫	৪৩৩৫	৪৮৮৫		টেলিটকের বার্ষিক প্রতিবেদন, টেলিটকের ওয়েবসাইট ও বাজার হতে প্রাপ্ত তথ্য
	অনলাইন ও এসএমএস এর মাধ্যমে জনগণকে ডিজিটাল সেবা প্রদানের প্রবৃদ্ধি	% (ক্রম পুঞ্জিভূত)	৪৪	-৩৪	১৭	২০	২২		টেলিটকের বার্ষিক প্রতিবেদন, টেলিটকের ওয়েবসাইট ও বাজার হতে প্রাপ্ত তথ্য

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে বাংলাদেশের জনগণকে সুলভ মুল্যে মোবাইল ইন্টারনেট সেবা প্রদান।	২৫	[১.১] সর্বনিম্ন মূল্যে ইন্টারনেট প্যাকেজ অফার	[১.১.১] ইন্টারনেট মুল্যের ক্ষেত্রে (সর্বনিম্ন হতে সর্বোচ্চ) মোবাইল অপারেটরদের তুলনামূলক অবস্থান	গড়	অবস্থান (র‍্যাংকিং)	২৫	১	১	১	২	৩	৪		১	১
[২] প্রোডাক্ট ইনোভেশনের মাধ্যমে ডিজিটাল সেবায় টেলিটকের মার্কেট লিডার হওয়া।	২৫	[২.১] ডিজিটাল সেবার সম্প্রসারণ	[২.১.১] মোবাইলের মাধ্যমে Bulk এসএমএস সেবা	সমষ্টি	সংখ্যা (কোটি)	১০	৫৪.৫	৩৪.১	৪০	৩৮	৩৬	৩৪	৩২	৪৫	৫০
			[২.১.২] অনলাইনে সম্পাদিত চাকরী প্রার্থীর রেজিস্ট্রেশান	সমষ্টি	সংখ্যা (লক্ষ)	১০	১০৩.৬	১২০.৫	১২৫	১২৩	১২১	১১৯	১১৭	১৩০	১৪০
		[২.২] সমসাময়িক বিষয়ে প্রশিক্ষণ	[২.২.১] প্রশিক্ষণ আয়োজন	সমষ্টি	সংখ্যা	৫			৬	৫	৪			৬	৬
[৩] সারা দেশব্যাপী বিস্তৃত রাষ্ট্রীয় মালিকানাধীন একটি শক্তিশালী ও নির্ভরযোগ্য মোবাইল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন।	২০	[৩.১] 4G নেটওয়ার্ক সম্প্রসারণ	[৩.১.১] স্থাপিত e Node-B	সমষ্টি	সংখ্যা	২০	১০৬০	১০১০	৪৩০	৪২০	৪১০	৪০০	৩৯০	৫০০	৫৫০